

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো সীমাবদ্ধ দায় সংস্থার মজুরি চুরি থেকে শ্রমিকদের রক্ষা করার জন্য আইন সই করেছেন

নতুন আইন নিশ্চিত করে যে বিদেশি ও দেশীয় সীমাবদ্ধ দায় সংস্থা (LLC) কর্মীদের পাওনা অনাদায়ী মজুরির জন্য দায়ী

2017 সালের স্টেট অফ দ্যা স্টেট এ্যাড্‌সের অংশ হিসেবে গভর্নরের এই আইন প্রস্তাব করেছেন

কুওমো: "একটি ফাঁক থাকে যে অনেক সময় নির্দিষ্ট কিছু কোম্পানি তাদের জটিল কর্পোরেট কাঠামোর পেছনে লুকিয়ে মজুরি চুরী কে এড়াতে চায় যা এই পদক্ষেপ এর ফলে আইনের অন্তর্ভুক্তি পেলো।"

গভর্নর অ্যাঙ্কু এম কুওমো আজ আইন (S.2734/A.453) সংশোধন করে স্বাক্ষর করেছেন যা সীমাবদ্ধ দায় সংস্থা দ্বারা কর্মী এবং তাদের পাওনা মজুরি কে সুরক্ষা দেবে। এই বিলে স্পষ্ট করা হয়েছে যে এই আইনের মাধ্যমে যেকোনো দেশী বা বিদেশী সীমাবদ্ধ দায় সংস্থার, সর্বাধিক মালিকানাধারী দশ ব্যক্তি অনাদায়ী মজুরির ব্যাপারের দায়বদ্ধ থাকবেন। 2017 সালের স্টেট অফ দ্যা স্টেট এ্যাড্‌সের অংশ হিসেবে গভর্নরের এই আইন প্রস্তাব করেছেন।

"শ্রমিকদের শোষণ করে এবং এর কর্মীদের কঠোর পরিশ্রমের মাধ্যমে অর্জিত মজুরি চুরি করার চেষ্টা করে এমন কোনও সংস্থার জন্য আমাদের সহনশীলতা শূন্য," **গভর্নর কুওমো বলেন।** "একটি ফাঁক থাকে যে অনেক সময় নির্দিষ্ট কিছু কোম্পানি তাদের জটিল কর্পোরেট কাঠামোর পেছনে লুকিয়ে মজুরি চুরী কে এড়াতে চায় যা এই পদক্ষেপ এর ফলে আইনের অন্তর্ভুক্তি পেলো।"

সেনেটর জেমস স্কাউফিস বলেন, "নিউ ইয়র্ক রাজ্যের কঠোর পরিশ্রমী কর্মচারীদের আর নির্দিষ্ট সংস্থাগুলির দ্বারা শোষিত হতে হবে না যারা সঠিকভাবে অর্জিত অর্থ মজুরি দেওয়ার জন্য তাদের দায়িত্ব সীমিত করে। সকল এলএলসি কে একই মানদণ্ডের আওতায় নিয়ে, আমরা নিউ ইয়র্কের কর্মচারীদের সুরক্ষায় একটি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছি এবং এই আইনে স্বাক্ষরের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

পরিষদ সদস্য ফিল পামেসানো বলেন, "ব্যবসা প্রতিষ্ঠানগুলি তাদের কর্মীদের কাজের জন্য তাদের বেতন প্রদানে বাধ্য এবং নিউ ইয়র্কবাসীদের সাথে অসাধু সংস্থাগুলির কেলেকারী সহ্য করা হবে না।

নিউ ইয়র্কবাসী তাদের অর্থের জন্য কঠোর পরিশ্রম করে, এবং এই আইন তাদের অর্জিত প্রতিটি অর্থ পরিশোধ করা নিশ্চিত করবে। সেই জন্যই বিধানসভায় এই আইন স্পনসর করতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট নিশ্চিত করে চলেছে যে স্টেটের সকল শ্রমিকদেরকে ন্যায্যভাবে মূল্যায়ন করা হয় এবং তাদের প্রাপ্য মজুরির সবটাই তারা পান। 2011 সালে গভর্নর কুউমো দপ্তরশ গ্রহণের পর থেকে, স্টেট চুরিকৃত মজুরির প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার উদ্ধার করেছে এবং 280,000 এরও বেশি শ্রমিকের কাছে তা ফেরত দিয়েছে।

এই আইন 60 দিনের মধ্যে কার্যকর হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)